



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট

স্মারক নং- সাস্ট/ পিআর/০৩

তারিখ: ০৪ জানুয়ারি, ২০১৮

প্রেসবিজ্ঞপ্তি

আজ ৪ জানুয়ারি, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর সমাজকর্ম বিভাগের উদ্যোগে ও সমাজকর্ম ও টেকসই সামাজিক উন্নয়ন শীর্ষক ৩দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান এমপি বলেন, বর্তমান সরকার সমাজের কল্যাণে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। সমাজ ও দেশের উন্নয়নের প্রচুর অর্থ ব্যয় করা হচ্ছে। এসব অর্থ সঠিক উপায়ে হচ্ছে বা উন্নয়ন কর্মসূচি যথাযথ হচ্ছে কীনা এবং আরো কোন ধরনের কর্মসূচি হাতে নেয়া যায় সে ব্যাপারে গবেষণা প্রয়োজন রয়েছে। উন্নয়ন কর্মসূচি টেকসই করতে গবেষকদের ভূমিকা রাখতে হবে। অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী বলেন, বিগত কয়েক বছরে দেশের অনেক অর্থনৈতিক উন্নয়ন হয়েছে। দরিদ্রতার হার অনেক কমেছে। তবুও দেশের মোট জনসংখ্যার ২২-২৩% লোক এখনো দরিদ্র সীমার নীচে জীবনযাপন করছে। সরকার টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে কাজ করছে। তাই এ সম্মেলন সরকারের উন্নয়ন লক্ষ্য বাস্তবায়নে সহায়ক হতে পারে।

সভাপতির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, আমরা মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোলসে (এমডিজি) ভাল করেছি এবং এসডিজিতেও ভাল করবে। তবে এজন্য একাডেমিক গবেষণা প্রয়োজন রয়েছে এবং এ সম্মেলন এক্ষেত্রে সহায়ক ভূমিকার পালন করবে।

সম্মেলন বাস্তবায়ন কমিটির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. ইসমাইল হোসেনের পরিচালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, ইন্টারন্যাশন্যাল এসোসিয়েশনের অব স্কুল অব সোশ্যাল ওয়ার্কের সভাপতি প্রফেসর ড. আনামারিয়া কামপানিনি, আমেরিকান ইম্পস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজের সভাপতি প্রফেসর ড. গোলাম এম মাতবর, শাবিপ্রবির সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, পুলিশের সিলেট র‍্যাঞ্জের ডিআইজি মো. কামরুল আহসান।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ফয়সাল আহম্মদ ও সম্মেলন বাস্তবায়ন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. তুলসী কুমার দাস।

উল্লেখ্য, আন্তর্জাতিক এ সম্মেলনের ২৫টি টেকনিক্যাল সেশনে আমেরিকা, কানাডা, জাপান, নিউজিল্যান্ড, ইটালি, ইন্দোনেশিয়া, মালয়শিয়া, ভারতসহ দেশ-বিদেশের গবেষকগণ সমাজকর্ম, উন্নয়ন ও সামাজিক সমস্যা বিষয়ক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করবেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার